গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
(পার-৪ অধিশাখা)
www.mohfw.gov.bd

নং-৪৫.০০.০০০০.১৫০.১৬.০০৩.১৯ – ৬১৮ তারিখঃ ৩১.০৭.২০১৯ খ্রিঃ

বিষয়: উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সেসহ বিভিন্ন স্বাস্থ্য প্রতিষ্ঠানে পদ সৃজন সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পদ সৃজনের বিষয়ে সঠিক তথ্য পাওয়া না যাওয়ায় বিভিন্ন পর্যায়ে পদ সৃজনের ক্ষেত্রে বিলম্ব ঘটছে। স্বাস্থ্য প্রতিষ্ঠানসমূহে প্রয়োজনীয় সংখ্যক পদ সৃজন না হওয়ায় জনবল নিয়োগ সম্ভব হয় না। ফলে জনগণের দোরগোড়ায় কাঙ্ক্ষিত মাত্রায় সেবা পৌঁছানো সম্ভব হয় না। এমতাবস্থায়, সকল স্বাস্থ্য প্রতিষ্ঠানের জনবলের প্রকৃত সমস্যা নিরসনের লক্ষ্যে পদ সৃজনের বিষয়টি দ্রুততর এবং সহজলভ্য করার জন্য সংযুক্ত ছক মোতাবেক তার অধীনস্থ প্রতিষ্ঠান/প্রতিষ্ঠানসমূহে পদ সৃজনের তথ্যাদি ২৭.০৮.২০১৯ তারিখের মধ্যে আবশ্যিকভাবে স্বাস্থ্য সেবা বিভাগের পার-৪ অধিশাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০২ পাতা।

৩১/৭/১৯

রোকেয়া বেগম
উপ সচিব
ফোন-৯৫৪৫১৩৪।

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নির্ধারিত সময়ের মধ্যে গৃহীত কার্যক্রমের অগ্রগতি প্রেরণ নিশ্চিত করবেন)।
২। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), (সকল)।
৩। পরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর মহাখালী, ঢাকা।
৪। সিভিল সার্জন, (সকল)।
৫। পরিচালক, মেডিকেল কলেজ হাসপাতাল (সকল)।
৬। পরিচালক, বিশেষায়িত হাসপাতাল (সকল)।
৭। পরিচালক ৫০০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতাল, মুগদা/কুর্মিটোলা।
৮। তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতাল (সকল)।
৯। তত্ত্বাবধায়ক, ১০০ শয্যাবিশিষ্ট জেলা/সদর হাসপাতাল (সকল)।

**অনুলিপি:**

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রাণালয়।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রাণালয়।
৩। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (তাঁকে পদ সৃজন সংক্রান্ত বিষয়টি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৪। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রাণালয়।

| ক্র: নং | জেলার নাম | উপজেলার নাম | প্রতিষ্ঠানের নাম ও অনুমোদিত শয্যা সংখ্যা | মেডিকেল কলেজ হাসপাতাল/ বিশেষায়িত হাসপাতাল | অনুমোদিত জনবলের বিপরীতে বিদ্যমান/ কর্মরত জনবলের বিবরণ | অতিরিক্ত কত জনবল সৃজন প্রয়োজন | প্রস্তাব প্রেরণ করা হয়ে থাকলে অনিষ্পন্নের তথ্য | | | | | প্রস্তাব প্রেরণ না করলে নতুন প্রস্তাব প্রেরণের কার্যক্রম গ্রহণ করা হয়েছে কিনা সংযুক্ত চেকলিস্ট অনুযায়ী | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | স্বাস্থ্য অধিদপ্তর | স্বাস্থ্য সেবা বিভাগ | জনপ্রশাসন মন্ত্রণালয় | অর্থ মন্ত্রণালয় | মন্ত্রিপরিষদ বিভাগ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| | | | | | | | | | | | | | |

# পদ সৃষ্টির চেকলিস্ট

(পদ সৃষ্টিতে নিম্নে বর্ণিত চেকলিস্ট অনুযায়ী তথ্য ও প্রমাণক সংযুক্ত করতে হবে)

| ক্রমিক নং | বিষয় | হ্যাঁ | না | সংলাগ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১। | প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগের নাম উল্লেখ করা হয়েছে কিনা? | | | | |
| ২। | উদ্যোক্তা সংস্থার নাম উল্লেখ করা হয়েছে কিনা? | | | | |
| ৩। | ক) প্রস্তাবিত পদের নাম, পদ সংখ্যা ও বেতনস্কেল উল্লেখ করা হয়েছে কিনা? | | | | |
| | খ) প্রস্তাবিত বেতনস্কেল বিদ্যমান জাতীয় বেতনস্কেলের সাথে সামঞ্জস্যপূর্ণ কিনা? | | | | |
| | গ) প্রস্তাবিত পদনাম সরকারি অন্যান্য প্রতিষ্ঠানের পদনামের সাথে সামঞ্জস্যপূর্ণ কিনা? | | | | |
| ৪। | ক) প্রতিটি পদের দায়িত্ব উল্লেখ করা হয়েছে কিনা? | | | | |
| | খ) উক্ত দায়িত্ব Allocation of Business অনুযায়ী মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত কিনা? | | | | |
| | গ) মন্ত্রণালয়ের Allocation of Business এর সংশ্লিষ্ট অংশটুকু সংযুক্ত করা হয়েছে কিনা ? | | | | |
| | ঘ) আইন দ্বারা সৃষ্ট সংস্থার ক্ষেত্রে আইন দ্বারা নির্ধারিত দায়িত্বের অন্তর্ভুক্ত কিনা? | | | | |
| | ঙ) আইন দ্বারা সৃষ্ট প্রতিষ্ঠানের ক্ষেত্রে আইনের অনুলিপি প্রেরণ করা হয়েছে কিনা? | | | | |
| ৫। | ক) প্রস্তাবিত পদসমূহ বিদ্যমান নিয়োগবিধির অন্তর্ভুক্ত কিনা? | | | | |
| | খ) বিদ্যমান নিয়োগবিধির গেজেটের অনুলিপি প্রেরণ করা হয়েছে কিনা? | | | | |
| | গ) বিদ্যমান নিয়োগবিধিতে যেসকল পদ অন্তর্ভুক্ত নয়, সেক্ষেত্রে প্রস্তাবিত খসড়া নিয়োগবিধি সিনিয়র সচিব/সচিব কর্তৃক স্বাক্ষরসহ প্রেরণ করা হয়েছে কিনা? | | | | |
| ৬। | ক) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/সংস্থার বিষয়ে এম.এল. কমিটির (এনাম কমিটি) রিপোর্ট এর সুপারিশসমূহ পুরোপুরি বাস্তবায়িত হয়েছে কিনা? | | | | |
| | খ) বাস্তবায়ন প্রতিবেদন সংযুক্ত করা হয়েছে কিনা? | | | | |
| ৭। | ক) এম.এল. কমিটির (এনাম কমিটি) পর কোন পদ সৃষ্টি করা হয়েছে কিনা? | | | | |
| | খ) পদ সৃষ্টি করা হয়ে থাকলে পদ সৃষ্টির প্রস্তাবে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মতির অনুলিপি সংযুক্ত করা হয়েছে কিনা? | | | | |
| | গ) অর্থ বিভাগের সম্মতির অনুলিপি সংযুক্ত করা হয়েছে কিনা? | | | | |
| | ঘ) প্রশাসনিক মন্ত্রণালয়ের পদ সৃষ্টির আদেশ এর অনুলিপি সংযুক্ত করা হয়েছে কিনা? | | | | |
| | ঙ) সৃষ্ট পদের নাম, পদের সংখ্যা, বেতনস্কেল উল্লেখ করে সৃষ্ট পদের বিবরণীর কপি সংযুক্ত করা হয়েছে কিনা? | | | | |
| | চ) এম.এল.কমিটির (এনাম কমিটি) পর কোন পদের পদনাম পরিবর্তন/ উন্নীত/বিলুপ্ত হয়ে থাকলে, সেসকল পদের বিবরণী এবং জি,ও'র অনুলিপি সংযুক্ত করা হয়েছে কিনা? | | | | |
| ৮। | কাজ বৃদ্ধির ধরন (স্থায়ী/অস্থায়ী) উল্লেখ করে বিবরণী সংযুক্ত করা হয়েছে কিনা? | | | | |
| ৯। | সামগ্রিকভাবে পদ সৃষ্টির যৌক্তিকতা (কাজের বিবরণ ও ধরনসহ) সংযুক্ত করা হয়েছে কিনা? | | | | |

| ক্রমিক নং | বিষয় | হ্যাঁ | না | সংলাগ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১০। | একই প্রস্তাব ইতঃপূর্বে পাঠানো হয়েছে কিনা? | | | | |
| ১১। | ক) প্রস্তাবকারী সংস্থার অনুমোদিত সাংগঠনিক কাঠামো আছে কিনা? | | | | |
| | খ) বিদ্যমান সাংগঠনিক কাঠামোতে নতুনভাবে সৃজিত (স্থায়ী /অস্থায়ী) পদসহ প্রস্তাবিত পদ ভিন্ন কালিতে চিহ্নিত করে মন্ত্রণালয়ের সিনিয়র সচিব/সচিব এর স্বাক্ষরসহ প্রেরণ করা হয়েছে কিনা? | | | | |
| ১২। | পদগুলোর জন্য বাৎসরিক সম্ভাব্য আবর্তক ও অনাবর্তক ব্যয় বা আর্থিক সংশ্লেষের বিবরণী প্রেরণ করা হয়েছে কিনা? | | | | |
| ১৩। | প্রস্তাবিত পদের জন্য বাজেট বরাদ্দ আছে কিনা? | | | | |
| ১৪। | মন্ত্রণালয়ে অভ্যন্তরীণ সভা করে প্রস্তাব পর্যালোচনাপূর্বক সুপারিশ করা হয়েছে কিনা? | | | | |
| ১৫। | নির্ধারিত ছকে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের স্বল্প মেয়াদী (অগ্রাধিকার- ০৩ বছর), মধ্য মেয়াদী (০৬ বছর), দীর্ঘ মেয়াদী (০৯ বছর ও তদুর্ধ্ব) কর্মপরিকল্পনা প্রেরণ করা হয়েছে কিনা? | | | | |
| ১৬। | সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের শাখা/ইউনিট ভিত্তিক বিদ্যমান পদ, শূন্য পদ (কোন্ তারিখ থেকে এবং কী কারণে শূন্য), প্রস্তাবিত পদ, পদসংখ্যা, বেতনস্কেল উল্লেখপূর্বক বিবরণী সংযুক্ত করা হয়েছে কিনা ? | | | | |
| ১৭। | সকল প্রমাণক সংশ্লিষ্ট শাখা কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে সংযুক্ত করা হয়েছে কিনা? | | | | |

স্বাক্ষর/
সিনিয়র সচিব/সচিব
সীল